আওয়ামী লীগ মন্ত্রী-এমপি ও নেতার দল নয়, কর্মীর দল: লোহাগাড়ায় আমিনুল ইসলাম

এলনিউজ২৪ডটকম: বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির উপ-প্রচার ও প্রকাশনা সম্পাদক আমিনুল ইসলাম আমিন বলেন, সুদীর্ঘ ২১ বৎসর আওয়ামী লীগের নেতাকর্মীদের উপর নির্যাতন-নিপীড়ন ও ইষ্টিম রোলার চালিয়েছিল। কখনো জিয়া সরকার, আবার কখনো এরশাদ সরকার এ নির্যাতন চালিয়েছিল। তবুও বাংলাদেশ থেকে আওয়ামী লীগকে নিচ্ছিন্ন করা যায়নি। কারণ আওয়ামী লীগ এমপি, মন্ত্রী ও নেতার দল নয়, আওয়ামী লীগ কর্মীর দল। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ বিশ্বের দরবারে আজ মাথা উঁচু করে দাঁড়িয়েছে। শেখ হাসিনার যোগ্য নেতৃত্ব আজ বিশ্বের কাছে প্রশংসিত এবং অবিভূত বিশ্ববাসী। বিশ্বের প্রভাবশালী রাষ্ট্র প্রধানরা স্বীকৃতি দিয়ে যাচ্ছেন শেখ হাসিনার কাছে অনেক কিছু শিখার আছে। আজ ২৮ আগষ্ট মঙ্গলবার বিকেল ৪টায় স্থানীয় এক কমিউনিটি সেন্টারে লোহাগাড়া উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে আয়োজিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহদাত বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল ও মেজবান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথাগুলো বলেন।

লোহাগাড়া উপজেলা আওয়ামী লীগ সভাপতি খোরশেদ আলম চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ সালাহ উদ্দিন হিরুর সঞ্চালনায় অনুষ্ঠিত এ আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মফিজুর রহমান। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পিপি এড. একেএম সিরাজুল ইসলাম চৌধুরী, সাবেক সংসদ সদস্য ও চট্টগ্রাম দক্ষিণ জেলা মহিলা আওয়ামী লীগের সভানেত্রী চেমন আরা তৈয়ব, দক্ষিণ জেলা আওয়ামী লীগের উপ-প্রচার সম্পাদক মাওলানা নুরুল আবছার, উপ-দপ্তর সম্পাদক বিজয় কুমার বড়–য়া, চট্টগ্রাম দক্ষিণ জেলা স্বেচ্ছাসেবকলীগের সভাপতি ও সাতকানিয়া পৌরসভা মেয়র মোঃ জোবায়ের।

এতে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন লোহাগাড়া উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আলহাজ্ব জান মোহাম্মদ সিকদার, সম্পাদক মন্ডলীর সদস্য ফরিদ আহমদ, নাজমুল হাসান মিন্টু, মুজিবুর রহমান, এড. মোঃ মিয়া ফারুক, তৈয়বুল হক বেদার, আবুল কালাম আজাদ, এম এস মামুন, মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, হাজী মাহমুদুল হক, আনিছ উল্লাহ, আবু তালেব, মামুনুর রশিদ চৌধুরী, কলাউজান ইউনিয়ন সভাপতি গাজী ইছহাক, সাধারণ সম্পাদক সমশুল ইসলাম, চুনতি ইউনিয়ন সভাপতি শাহ আলম পল্টু, সাধারণ সম্পাদক জানে আলম, লোহাগাড়া ইউনিয়ন সভাপতি জসিম উদ্দিন, সাধারণ সম্পাদক হেফাজত উল্লাহ, বড়হাতিয়া ইউনিয়ন সভাপতি সাজেদুর রহমান দুলাল, সাধারণ সম্পাদক রিটন বড়–য়া রোনা, আধুনগর ইউনিয়ন সভাপতি নুরুল কবির, সাধারণ সম্পাদক আলী আহমদ, পুটিবিলা ইউনিয়ন সভাপতি বদিউল আলম, চরম্বা ইউনিয়ন সভাপতি মাষ্টার শফিকুর রহমান, সাধারণ সম্পাদক আছহাব উদ্দিন, পদুয়া ইউনিয়ন সাধারণ সম্পাদক আবছার আহমদ, আমিরাবাদ ইউনিয়ন সাধারণ সম্পাদক কামাল উদ্দিন, উপজেলা শ্রমিকলীগ সভাপতি ফরিদ উদ্দিন, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক নুরুল কবির সলিল, যুগ্ম আহবায়ক আবছার উদ্দিন, চট্টগ্রাম দক্ষিণ জেলা ছাত্রলীগের সহ-সভাপতি রিহান পারভেজ চৌধুরীসহ উপজেলা ছাত্রলীগ, মোস্তফিজুর রহমান বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রলীগ, বার আউলিয়া বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রলীগ নেতৃবৃন্দ।

উক্ত সভায় প্রায় ৫ হাজার লোক সমাগম হয়। আলোচনা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের জন্য বিশেষ মোনাজাত করা হয়।